

MODEL QUESTION

Class - XII : MUSIC : Pre-Board / Board Final : 2022-23 : Marks - 45

- I. সঠিক উত্তর বাছাই করে নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও :- 1x9=9
- ১। ছোটবেলায় নজরুল ইসলামকে কি নামে ডাকা হতো ?
দুখু মিঞা / তারিক মিঞা / রফিক মিঞা
- ২। যদু ভট্টের আসল নাম কি ?
যদুনাথ ভট্টাচার্য্য / কেদারনাথ ভট্টাচার্য্য / ভক্তিমোহন ভট্টাচার্য্য
- ৩। ভাতখন্ডে কবে জন্মগ্রহণ করেন ?
১৮৬০ / ১৯৬০ / ২০১২
- ৪। রবীন্দ্রনাথের একজন সঙ্গীত শিক্ষকের নাম লিখ।
বিষ্ণু চক্রবর্তী / মাধব চক্রবর্তী / মহিম চক্রবর্তী
- ৫। ত্রিপুরার কোন্ রাজা যদুভট্টকে 'তানরাজ' উপাধি দান করেন ?
মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুর / বীরবিক্রম মাণিক্য বাহাদুর / নক্ষত্র মাণিক্য
- ৬। রবীন্দ্রনাথের সৃষ্ট তাল –
সুরফাঁক তাল / একতাল / ত্রিতাল
- ৭। বিদ্রোহী কবি কাকে বলা হয় ?
কাজি নজরুল ইসলাম / রবীন্দ্রনাথ ঠাকুর / অতুল প্রসাদ সেন
- ৮। 'ক্রমিক পুস্তক মালিকা' বইটির লেখক –
পন্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখন্ডে / বিষ্ণুদিগম্বর পালুস্কর / রতন বাংকার
- ৯। 'দুর্গম গিরি কান্তার মরু' গানটি কার লেখা ?
নজরুল ইসলাম / রবীন্দ্রনাথ / যদুনাথ
- II. নিম্নলিখিত প্রশ্নগুলোর অতি সংক্ষিপ্ত উত্তর লিখ :- 1x12=12
- ১০। 'নূতন প্রাণ দাও' গানটির মূল গান কোন্টি ?
- ১১। রবীন্দ্রনাথের গানে কোন্ ঘরানার প্রভাব বেশী ?
- ১২। সজিবনী সভা উপলক্ষে রবীন্দ্রনাথ রচিত গান কোন্টি ?
- ১৩। রবীন্দ্রনাথ স্বদেশ পর্যায়ে গানগুলি কোন্ সালে রচনা করেন ?
- ১৪। রবীন্দ্রনাথের গানে শাস্ত্রীয় সঙ্গীতের প্রভাব রয়েছে এমন একটি গানের কলি লেখ।
- ১৫। স্বদেশ পর্যায়ে রবীন্দ্রনাথের একটি গানের কলি লেখ।
- ১৬। 'ভানুসিংহের পদাবলী' কার রচনা ?
- ১৭। 'এসো শ্যামল সুন্দর' গানটি কোন্ রাগের আশ্রীত গান ?
- ১৮। 'আমরা মিলেছি আজ মায়ের ডাকে' – গানটি কোন পর্যায়ে গান ?
- ১৯। 'মোরে বারে বারে ফিরালে' গানটি কোন্ তালে নিবন্ধ ?
- ২০। 'একসূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন' – রবীন্দ্রনাথের কত বছর বয়সে লেখা গান ?
- ২১। স্বদেশ পর্যায়ে কোন্ রবীন্দ্র সঙ্গীতটি বাংলাদেশের জাতীয় সঙ্গীত ?

[Contd...P/2]

III. সংক্ষিপ্ত উত্তর দাও :-

2x8=16

- ২২। ধ্রুপদ গানের বাণী কয়টি ? কি কি ?
- ২৩। একটি কবিগানের প্রথম কলি লেখ।
- ২৪। সংজ্ঞা সহ গমকের উদাহরণ দাও।
- ২৫। তালি ও খালির চিহ্নগুলো লিখ।
- ২৬। সঞ্জারী কাকে বলে ?
- ২৭। 'কাজরী' এর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২৮। ন্যাস স্বর এর একটি উদাহরণ দাও।
- ২৯। 'ধ্রুপদ' কি ?

IV. প্রশ্নগুলোর উত্তর দাও :-

2x4=8

- ৩০। মাত্রা, বিভাগ, বোলসহ গানের উদাহরণ দিয়ে তাল লেখ :
খেমটা অথবা নবতাল।
 - ৩১। পাঠ্যসূত্রের অন্তর্গত ভাতখন্ডে পদ্ধতিতে যে কোন একটি রাগের স্বরলিপি লিখ।
-